

## প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষায় অসদুপায় অবলম্বন ৫ জনের কারাদণ্ড বহিষ্কার ৩

যশোর ডেপু

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে নিয়োগ পরীক্ষা শুরু করার দেশব্যাপী অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষায় প্রস্তুতি দেয়ার অপরাধে ৫ জনকে আটক করে কারাদণ্ড দেয়া হয়। এছাড়া নকল করার দায়ে ৩ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**পাবনা :** পাবনার সরকারি অ্যাডওয়ার্ড কলেজ কেন্দ্রে এক ভূমি পরীক্ষার্থীকে আটক করা হয়েছে। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে এক বছরের কারাদণ্ড দিয়ে জেলহাজতে পাঠিয়েছে। তার নাম বাবুল করিম (২৫)। সে পাবনা সদর উপজেলার বকশিপুর গ্রামের বাসিন্দা। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, দণ্ডপ্রাপ্ত বাবুল করিম তার মামলার পক্ষে পরীক্ষা দিচ্ছিল। এ সময় দাফতরপ্রাপ্ত পরিদর্শকের তাকে সম্মুখ হয়। পরে জিজ্ঞাসাবাদে সে ঘটনার সত্যতা স্বীকার করে। তাকে আটক করে ভ্রাম্যমাণ আদালতের সামনে হাজির করা হলে নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল হালিম ১ বছর সশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো এক মাসের কারাদণ্ডাদেশ দেন। এছাড়া পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৩ জনকে বহিষ্কার করা হয়।

**নেত্রকোণা :** নেত্রকোণা জেলা শহরের আহুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে প্রস্তুতি দিয়ে কাউসার

আহমেদ নামে এক যুবক আটক হয়েছে। তার বাড়ি জামালপুর জেলার বকশিগঞ্জ উপজেলায়। তাকে জেল হাজতে পাঠানো হয়। জানা গেছে, ওই কেন্দ্রে সে কেমুয়া উপজেলার সিদ্দিকুর রহমানের পক্ষে পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষা চলাকালীন তার আচরণে পরিদর্শকের সম্মুখ হলে কেন্দ্র কর্তৃপক্ষ প্রবেশপত্রের ছবি'র সঙ্গে তার ছবি মিলিয়ে দেখে তাকে আটক করে। গোপালগঞ্জ : গোপালগঞ্জ শহরের বীণাপানি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫০ হাজার টাকার বিনিময়ে প্রস্তুতি দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রসহ ৩ জন আটক হয়েছে। পরে তাদের প্রত্যেকের এক বছর করে কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত। সাজাপ্রাপ্তরা হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স তৃতীয় বর্ষের ইংরেজি বিভাগের কামরুল ইসলাম। সে নড়াইলের কাগিয়া উপজেলার চাঁদপুর গ্রামের নূর মিয়া'র ছেলে। গোপালগঞ্জের টুঙ্গিপাড়া উপজেলার সিলনা গ্রামের চৈতন্য অধিকারীর ছেলে রুহিদাস অধিকারী ও তার ভাই প্রকাশ অধিকারী। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, প্রবেশপত্রে রুহিদাসের ছবি পরিবর্তন করে তার ছবি লাগিয়ে দেয় কামরুল। পরীক্ষা চলাকালীন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রাশেদুজ্জামান বিষয়টি শনাক্ত করে কামরুলকে আটক করেন।